২৬

দৈনিক ইনকিলাব

তারিখ 19 NOV 1997
পৃষ্ঠা ১ কলাম ৮

### জাতীয় শিক্ষা নীতি প্রণয়ন কমিটির রিপোর্ট পেশ

# শিক্ষা বিস্তারের মাধ্যমে ছাত্রদের স্বাধীনতা যুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করতে হবে

## প্রধানমন্ত্রী

ইউএনবি/ বাসস ঃ জাতীয় শিক্ষা নীতি প্রণয়ন কমিটি গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে তার কার্যালয়ে রিপোর্ট পেশ করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর ও ৫৬ সদস্যবিশিষ্ট কমিটির চেয়ারম্যান অধ্যাপক শামসুল হক এই রিপোর্ট পেশ করেন। এই রিপোর্ট গ্রহণকালে প্রধানমন্ত্রী বলেন, আমাদের সংবিধানে সকল নাগরিকের শিক্ষার অধিকার সংরক্ষিত রয়েছে। তিনি বলেন, আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহারে সকলের কাছে গ্রহণযোগ্য শিক্ষা নীতি প্রণয়নের অঙ্গীকার করা হয়েছিল। এই অঙ্গীকার মোতাবেক আমরা একটি কমিটি গঠন করেছি এবং কমিটি সাত মাসের মধ্যে রিপোর্ট পেশ করেছে।

প্রধানমন্ত্রী এই রিপোর্ট তৈরির জন্য কমিটির চেয়ারম্যান ও সদস্যদের ধন্যবাদ জানান। তিনি এই রিপোর্টের অনুলিপি প্রেসিডেন্ট সাহাবুদ্দীন আহমদ ও বিরোধী নেত্রী বেগম খালেদা জিয়ার কাছে প্রেরণের জন্য তাদের অনুরোধ জানান। শেখ হাসিনা বলেন, শিক্ষা হচ্ছে দারিদ্র্য বিমোচনের প্রধান হাতিয়ার। তিনি সমাজে নারীসহ সকলের মধ্যে শিক্ষা বিস্তারের আহবান জানান। তিনি মনে করেন যে, শিক্ষা বিস্তারের মাধ্যমে ছাত্রদের স্বাধীনতা যুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করতে হবে। অধ্যাপক শামসুল হক বলেন, শিক্ষক, সাংবাদিক, ছাত্র, ধর্মীয় ব্যক্তিত্বসহ পেশাজীবী গ্রুপগুলোর সাথে সলাপরামর্শ করে এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। তিনি বলেন, কমিটি ডঃ কুদরত-ই-খুদা কমিশনের সুপারিশমালার উপর যথাযথ গুরুত্ব দিয়েছে।

কমিটি '৭৯ সালের অন্তর্বর্তী শিক্ষা নীতি এবং '৮৮ সালের অধ্যাপক মফিজুদ্দীন কমিশনের রিপোর্টও পর্যালোচনা করেছে।

অধ্যাপক হক বলেন, মন্ত্রিসভায় পেশ করার আগে নয়া শিক্ষা নীতি পর্যালোচনার জন্য একটি কমিটি গঠন করা হবে। মন্ত্রিসভায় অনুমোদনের পর এই রিপোর্ট জাতীয় সংসদে পেশ করা হবে। শিক্ষা মন্ত্রী এ এস এইচকে সাদেক, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের উপমন্ত্রী অধ্যাপিকা জিন্নাতুন্নেছা তালুকদার, সংশ্লিষ্ট সচিব ও কমিটির সদস্যবৃন্দ এবং বিশিষ্ট শিক্ষাবিদগণ এ সময় উপস্থিত ছিলেন।